



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়

পীরগঞ্জ বণিক সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়

পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

School Code : 8376 EIIN : 128857 email : pbggghs@yahoo.com website : www.pbggghs.edu.bd

স্মারক নম্বর : পীবসবাউবি.২০২৫.১০০

তারিখ : ১৪-১২-২০২৫ খ্রি.

ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি- শ্রেণি : ৬ষ্ঠ

উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১ (অংশ-৪).২১৮৬ তারিখ : ১১.১২.২০২৫ খ্রি. অনুযায়ী অনুষ্ঠিত ডিজিটাল লটারির মাধ্যমে ২০২৬ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তির জন্য নির্বাচিত ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তাদের ভর্তি কার্যক্রম নিম্নরূপ নির্দেশনা অনুযায়ী সম্পন্ন করা হবে।

- ভর্তি ফরম বিতরণ : ১৫ ও ১৬ ডিসেম্বর, ২০২৫ খ্রি. তারিখ সকাল ১০.৩০ টা হতে দুপুর ১.৩০ টা পর্যন্ত।
- ভর্তির সময়সীমা : ১৭, ১৮ ও ২১ ডিসেম্বর, ২০২৫ খ্রি. তারিখ সকাল ১০.৩০ টা হতে দুপুর ২.০০ টা পর্যন্ত।

❖ প্রয়োজনীয় কাগজপত্র :

- ০১। শিক্ষার্থীর অনলাইন আবেদনের রেজিস্ট্রেশন এর রঙিন মূলকপি।
- ০২। ৫ম শ্রেণির বার্ষিক পরীক্ষার ফলাফলে উত্তীর্ণ হবে/ পরবর্তী শ্রেণিতে উন্নীত হওয়ার যোগ্য মর্মে প্রত্যয়নপত্র/ প্রশংসাপত্র এর মূলকপি ও ১ কপি ফটোকপি।
- ০৩। শিক্ষার্থীর বাংলা ও ইংরেজি অনলাইন জন্ম নিবন্ধন সনদ এর মূলকপি ও ১ কপি ফটোকপি।
- ০৪। শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের রঙিন ০২ কপি ছবি।
- ০৫। শিক্ষার্থীর পিতা ও মাতার/ অভিভাবকের পাসপোর্ট সাইজের রঙিন ১+১ = ০২ কপি ছবি।
- ০৬। শিক্ষার্থীর রক্তের গ্রুপ পরীক্ষার সনদ।
- ০৭। পিতা ও মাতার/অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের মূল কপি প্রদর্শন করাতে হবে এবং ফটোকপি ১+১ = ০২ কপি।
- ০৮। ভর্তি ফি ও সেশন চার্জ ২০৮৪/- (দুই হাজার চুরাশি টাকা)মাত্র।
- ০৯। প্রার্থী বীরমুক্তিযোদ্ধার সন্তান কোটায় নির্বাচিত হলে 'প্রার্থী বীরমুক্তিযোদ্ধার সন্তান এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যান/পৌর মেয়র কর্তৃক সনদ এবং উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক উক্ত সনদের প্রতিস্বাক্ষর কপি/প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। সেই সঙ্গে বীরমুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত সনদের মূলকপির ফটোকপি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) এবং সেই সঙ্গে মূল কাগজপত্র প্রদর্শন করতে হবে।
- ১০। অন্যান্য কোটায় নির্বাচিত প্রার্থীরা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রমাণপত্রের মূল কপি দাখিল করতে হবে।
- ১১। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা কর্তৃক প্রদত্ত ভর্তি নির্দেশনা অনুযায়ী কোনো নির্বাচিত প্রার্থী অবৈধ প্রমাণিত হলে তার ভর্তির যোগ্যতা বাতিল বলে গণ্য হবে।
- ১২। নির্দিষ্ট তারিখের মধ্যে ভর্তি না হলে পরবর্তীতে ভর্তি হওয়ার সুযোগ থাকবে না এবং তার ভর্তির যোগ্যতা বাতিল হবে।

মোঃ জামাল উদ্দিন

প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)

পীরগঞ্জ বণিক সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।